

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

Website: www.bb.org.bd

তারিখঃ পৌষ ০৪, ১৪২৬  
ডিসেম্বর ১৯, ২০১৯

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

সহায়ক জামানত হিসেবে 'ব্যক্তিগত গ্যারান্টি' গ্রহণ সংক্রান্ত নির্দেশনা পরিপালন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গত সেপ্টেম্বর ০৫, ২০১৯ তারিখে জারিকৃত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং-২) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত মাস্টার সার্কুলার এর ৭.১ নং অনুচ্ছেদে ক্ষুদ্র উদ্যোক্তাদের জামানতবিহীন খণ্ড প্রদানের ক্ষেত্রে ব্যক্তিগত গ্যারান্টি কে সহায়ক জামানত হিসেবে বিবেচনা করার নির্দেশনা প্রদান করা হয়। পাশাপাশি ধারককে একের অধিক ব্যক্তিগত গ্যারান্টি প্রদানে বাধ্য না করার বিষয়েও উল্লেখ করা হয়।

কিন্তু, সম্প্রতি ব্যক্তিগত গ্যারান্টি কে সহায়ক জমানত হিসেবে বিবেচনার ক্ষেত্রে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক একের অধিক ও সুনির্দিষ্ট ব্যক্তির (যেমন : উচ্চ পদস্থ কর্মকর্তা, বিত্তবান আত্মীয়-স্বজন, স্বামী ইত্যাদি) গ্যারান্টি প্রদানের জন্য উদ্যোক্তাগণকে চাপ প্রয়োগ বা বাধ্য করার বিষয়টি পরিলক্ষিত হচ্ছে। ফলে, ক্ষুদ্র উদ্যোক্তাগণের খণ্ড প্রাপ্তি যেমন কষ্টসাধ্য হয়ে পড়ছে, তেমনি সিএমএসএমই খাতের উন্নয়নও বাধাগ্রস্ত হচ্ছে, যা কোনভাবেই কাম্য নয়।

০৩। এমতাবস্থায়, খণ্ড প্রদানের ক্ষেত্রে 'ব্যক্তিগত গ্যারান্টি' সহায়ক জমানত হিসেবে বিবেচনা সংক্রান্ত আলোচ্য নির্দেশনাটি যথাযথভাবে পরিপালন এবং সুনির্দিষ্ট ব্যক্তির গ্যারান্টি প্রদানে ক্ষুদ্র উদ্যোক্তাগণকে কোনরূপ চাপ প্রয়োগ বা বাধ্য না করার বিষয়ে আপনাদেরকে পরামর্শ দেয়া হ'ল।

আপনাদের বিশ্বস্ত,

(লীলা রশিদ)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২